একটি বাহিনী কা‘বা ঘরের উপর আক্রমণ করার উদ্দেশ্যে বের হবে। অতঃপর যখন তারা সমতল মরুপ্রান্তরে (বাইদা) পৌঁছবে তখন তাদের প্রথম ও শেষ ব্যক্তি সকলকেই যমীনে ধসিয়ে দেওয়া হবে।

আয়েশা রাদিয়াল্লাহু ‘আনহা থেকে মরফূ‘ হিসেবে বর্ণিত, “একটি বাহিনী কা‘বা ঘরের উপর আক্রমণ করার উদ্দেশ্যে বের হবে। অতঃপর যখন তারা সমতল মরুপ্রান্তরে (বাইদা) পৌঁছবে তখন তাদের প্রথম থেকে শেষ ব্যক্তি পর্যন্ত সকলকে যমীনে ধসিয়ে দেওয়া হবে। তিনি
(আয়েশা) বলেন যে, আমি (এ কথা শুনে) বললাম, হে আল্লাহর রাসূল! কেমন করে তাদের প্রথম থেকে শেষ ব্যক্তি পর্যন্ত সকলকে ধসিয়ে দেওয়া হবে? অথচ তাদের মধ্যে তাদের বাজারের
ব্যবসায়ী এবং এমন লোক থাকবে, যারা তাদের (আক্রমণকারীদের) অন্তর্ভুক্ত নয়। তিনি
বললেন, তাদের প্রথম থেকে শেষ ব্যক্তি পর্যন্ত সকলকে ধসিয়ে দেওয়া হবে। তারপর তাদেরকে তাদের নিয়ত অনুযায়ী পুনরুত্থিত করা হবে।” [সহীহ] [মুত্তাফাকুন ‘আলাইহি (বুখারী ও মুসলিম)।]

নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম জানালেন যে, এমন একটি বিরাট বাহিনীর কথা যারা আল্লাহর সম্মানিত ঘরের উপর আক্রমণ করার উদ্দেশ্যে বের হবে। অতঃপর যখন তারা সমতল মরুপ্রান্তরে (বাইদা) পৌঁছবে তখন আল্লাহ তাদের সকলকেই যমীনে ধসিয়ে দিবেন। তিনি (আয়েশা রাদিয়াল্লাহু ‘আনহা) নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে ঐ সকল লোকদের সম্পর্কে জিজ্ঞেস করলেন যারা বেচা-কেনার উদ্দেশ্যে আসবে, কা‘বা ঘরের উপর আক্রমন করা যাদের ইচ্ছা নেই এবং তাদের মধ্যে এমন লোকও থাকবে যারা না জেনে তাদের অনুসরণ করবে। তিনি তাকে জানালেন, তাদেরসহ ধসিয়ে দেওয়া হবে। কেননা তারা তাদেরই সাথে। তারপর তাদেরকে পুনরুত্থিত করা হবে এবং তাদেরকে তাদের নিয়ত অনুযায়ী আমলনামা দেওয়া হবে। সুতরাং প্রত্যেকে তার নিয়ত অনুযায়ী ভালো-মন্দ ফল পাবে।

https://sunnah.global/hadeeth/bn/show/4812